গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ
মিরপুর-২, ঢাকা-১২১৬
www.dpe.dhakadiv.gov.bd

নম্বর: ৩৮.০১.৩০০০.০০০.০৮.০০৯.২৩.৩০৯৪

তারিখ: ৪ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা এর আওতাধীন নিম্ন বর্ণিত শিক্ষককে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১)(iii) বিধি মোতাবেক অর্ধগড় বেতনে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরসহ নিম্নবর্ণিত শর্তে নিজ খরচে তাঁর নামের পার্শ্বে উল্লেখিত দেশে ভ্রমনের অনুমতি প্রদান করা হলো।

ক্র নং	নাম, পদবী ও কর্মস্থল	দেশের নাম	ভ্রমনের উদ্দেশ্যে	মঞ্জুরীকৃত ছুটির সময়কাল
১	জনাব মো: আলা উদ্দিন মোল্লা, প্রধান শিক্ষক, জাহানাবাদ সরকারি প্রাথমিক বিদ্যালয়, মিরপুর, ঢাকা	ভারত	ফলোআপ চিকিৎসার জন্য	০১.০৭.২০২৩ খ্রি. থেকে বা যাত্রার তারিখ থেকে ১০ (দশ) দিন

শর্তাবলীঃ

ক) ছুটিতে যাওয়ার পূর্বে সংশ্লিষ্ট ক্লাস্টারের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে।

খ) বর্ণিত শিক্ষক বাংলাদেশে প্রত্যাবর্তনের পরে অনতিবিলম্বে সংশ্লিষ্ট ক্লাষ্টারের সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং উপজেলা/থানা শিক্ষা অফিসারের নিকট রিপোর্ট করবেন;

গ) বিদেশ ভ্রমন ও অবস্থানের জন্য সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;

ঘ) তিনি ছুটিকালীন সময়ের বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রাপ্য হবেন;

ঙ) তিনি নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।

চ) অনুমোদিত বহি: বাংলাদেশ ছুটি পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন-ভাতাদি প্রাপ্য হবেন না;

ছ) অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ের মধ্যে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

জ) এ ছুটি ভোগের ক্ষেত্রে B.S.R (Part-1) এর Appendix-Viii এর Rule-34 এর বিধান প্রযোজ্য হবে;

১৮-০৬-২০২৩
মীর্জা মোঃ হাসান খসরু
উপপরিচালক
০২-৪৮০৩১০৬৯
ddddhaka@gmail.com

নম্বর: ৩৮.০১.৩০০০.০০০.০৮.০০৯.২৩.৩০৯৪/১ (১০)

তারিখ: ৪ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৮ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা;
২। মান্যবর হাইকমিশনার, ঢাকাস্থ ভারতীয় হাইকমিশন, ঢাকা;
৩। পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা;
৪। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা;
৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ঢাকা;
৭। উপজেলা/থানা শিক্ষা অফিসার/হিসাবরক্ষণ অফিসার, ...ঢাকা;

৮। ইমিগ্রেশন অফিসার, স্থলবন্দর (সকল);

৯। জনাব....., ... সপ্রাবি, ..., ঢাকা এবং

১০। অফিস কপি।

১৮-০৬-২০২৩
মীর্জা মোঃ হাসান খসরু
উপপরিচালক